## খুলনা সিটি কর্পোরেশন

আপনার পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখুন
আপনার শিশুকে টিকা দিন

## নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা সিটি কর্পোরেশনে নিম্নবর্ণিত পদে খন্ডকালীন নিয়োগের জন্য মেয়র, খুলনা সিটি কর্পোরেশন বরাবরে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের সংখ্যা | বেতনক্রম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী নগর পরিকল্পনাবিদ ১(এক) জন | মাসিক ৩০,০০০/- (সর্বসাকুল্যে) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নগর ও অঞ্চল/গ্রামীন পরিকল্পনা বিষয়ে স্নাতক ডিগ্রী। | ডিপিপি প্রণয়ন ও GIS কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ২। | সহকারী আইটি ম্যানেজার ১(এক) জন | মাসিক ৩০,০০০/- (সর্বসাকুল্যে) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্সে স্নাতক ডিগ্রি। | সফট্ওয়্যার ইমপ্লিমেন্টশন, হার্ডওয়্যার ট্রাবল স্যুটিং ও নেটওয়ার্কিং-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

শর্তাবলী ঃ

(০১) প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(০২) প্রার্থীকে স্ব-হস্তে আবেদন করতে হবে। স্ব-হস্ত ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্র ফেরৎ দেয়া হবে না।

(০৩) আবেদন মেয়র মহোদয়, খুলনা সিটি কর্পোরেশনকে সম্বোধন করে আগামী ০৪/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে ১৬/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালে খুলনা সিটি কর্পোরেশন নগর ভবনের সাধারণ প্রশাসনিক শাখায় ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(০৪) পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে বয়সসীমা ১৬/০১/২০২২ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(০৫) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫ × ৫ সে.মি.আকারের রঙ্গিন ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি যুক্ত স্পষ্ট সিল থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (মূলকপি)।

গ. জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবি যুক্ত সিল দ্বারা সত্যায়িত)।

ঘ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাম ও সিল দ্বারা চারিত্রিক সনদপত্র।

অপর পাতায়

ঙ. প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বকসনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে। (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবিযুক্ত সিল দ্বারা সত্যায়িত)।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর,তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কিত বিষয়ে সনদপত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

চ. পদের নাম, জেলার নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার ডাক টিকেট লাগানো ০১(এক)টি (১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি) ফেরত খাম আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করিতে হইবে।

(৬) মেয়র, খুলনা সিটি কর্পোরেশনের অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(৭) প্রার্থীকে সংশ্লিষ্ট পদের সাথে সংগতিপূর্ণ কাজের অভিজ্ঞতা থাকলে আবেদনের সাথে উক্ত অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।

(৮) বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(৯) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

(১০) প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবিযুক্ত সিল দ্বারা সত্যায়িত)। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

(১১) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(১২) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৩) নির্বাচিত প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

(১৪) নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

(১৫) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(১৬) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২১/০৭/২০২২

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।